



বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

জাতীয় কার্যালয়, গাইড হাউজ

নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

ই-মেইল : bgguidesho@gmail.com

ফোন : ৪৮৩১৫৫০১, ৪৮৩১৫৫৯২



পত্র নং গাগা/ প্রকা/প্রশা-২০২২- ৭১৭(১০)

তারিখ : ০৬-০৬- ২০২২

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে ওয়ারেন্ট গাইডার ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে ৩১ মে হতে ৪ জুন, ২০২২ পাঁচদিন ব্যাপী নিউ বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয়ে ওয়ারেন্ট গাইডার ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়।

কর্মসূচির মধ্যে ছিলো, দলের পরিচিতি ও করণীয়, ওয়ারেন্ট ও ওয়ারেন্ট বাস্তবায়ন ধারা, গার্ল গাইডস্ ও গার্ল স্কাউট পদ্ধতির মাধ্যমে গাইড কার্যক্রম বাস্তবায়নে ওয়ারেন্ট গাইডার, গাইড পরিচিতি, ইতিহাস, মিশন, ভিশন ও উদ্দেশ্য, গাইড প্রতিজ্ঞা, লক্ষ্য, পরোপকার, গাইড নিয়মাবলি, সালাম চিহ্ন ও বাম হাত মিলানো, বাঁশির সংকেত ও হাতের ইশারা, বাজেট তৈরী ও তহবিল সংগ্রহ, বিশ্ব পতাকা ও জাতীয় পতাকা, বিশ্ব সঙ্গীত ও ট্যাপস্, সেরিমোনিয়ালস (পতাকা উত্তোলন ও পেট্রোল ড্রিল), বিশ্ব ব্যাজ ও টেন্ডারফুট ব্যাজ, পরিপত্র বাস্তবায়ন ও বিভিন্ন কর্মসূচী, গার্ল গাইডের ছয়টি ক্ষেত্র বাস্তবায়নে ওয়ারেন্ট গাইডার, কোম্পানী পরিচালনা ও সাপ্তাহিক সভা, বহিঃজগত কার্যক্রম (হাইকিং), সেরিমোনিয়ালস (পতাকা নামানো), গ্রুপ ভিত্তিক আলোচনা, সেরিমোনিয়ালস (পতাকা উত্তোলন ও পেট্রোল ড্রিল), নৈপুণ্য সূচক ব্যাজ বার এ্যাওয়ার্ড প্রাপ্তিতে ওয়ারেন্ট গাইডার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের প্রশাসনিক কাঠামো, আন্তর্জাতিক বিষয়ক জ্ঞান, প্রকল্প, প্রতিবেদন তৈরী ও যোগাযোগ পদ্ধতি, সেরিমোনিয়ালস (দীক্ষাদান), ক্যাম্প পরিচালনা, জাতীয় শিক্ষা সপ্তাহে আবেদনের উপর আলোচনা, কোর্স মূল্যায়ণ ও দলীয় সুপারিশ।

প্রশিক্ষণ দেন প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম), জাহান আরা বেগম, কোষাধ্যক্ষ, সাহেদা হোসেন চৌধুরী, প্রশিক্ষণ কমিশনার, হোসেন আরা বেগম, প্রাক্তন সিনিয়র ট্রেইনার ও অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, রাজধানী অঞ্চল, আফরোজা বেগম, প্রাক্তন সিনিয়র ট্রেইনার, তানজিনা বিনতে মোশাররফ, জেনারেল সেক্রেটারী, ইয়াসমিন আখতার বানু, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার ও প্রাক্তন সিনিয়র ট্রেইনার, রাজধানী অঞ্চল, সাবিনা বেগম, জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা, সালেহা বেগম, ট্রেইনার, জাতীয় কার্যালয়।

কোর্সের সমাপনী দিনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অংশগ্রহণকারীদের হাতে সনদ তুলে দেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাহেদা হোসেন চৌধুরী, প্রশিক্ষণ কমিশনার।

রাজধানী, ঢাকা, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, কুমিল্লা, রংপুর ও ময়মনসিংহ সহ ৯ অঞ্চল হতে ৪১ জন প্রশিক্ষণার্থী কোর্সে অংশগ্রহণ করেন।



ওয়ারেন্ট গাইডার ওরিয়েন্টেশন কোর্সের সমাপনী দিনে জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্বাক্ষরিত/-
সাবিনা বেগম
জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা